

হিউম্যান রিসোর্স ম্যানেজমেন্ট ডিপার্টমেন্ট-৩

নং-প্রকাঃএইচআরএমডিঃওঁ১৩৩৮৯(২০১৬-২০১৭)/২০১৮-২০১৯/

তারিখঃ ০৫.০৭.২০১৮ ইং

কর্মী সংক্রান্ত ঘোষণা

যেহেতু, আপনি জনাব বিশ্বনাথ দাস, উর্ধ্বতন মুখ্য কর্মকর্তা, বিকেবি, মুখ্য আঞ্চলিক কার্যালয়, কুষ্টিয়া, ইতিপূর্বে একই অঞ্চলাধীন বিকেবি, আইলচারা শাখায় ব্যবস্থাপক (উঃমুঃকঃ) হিসেবে দায়িত্ব পালনকালে সংঘটিত অনিয়মের দায়ে আপনার বি঱ক্ষে বিকেবি (কর্মকর্তা ও কর্মচারী) চাকুরী প্রবিধানমালা, ২০০৮ এর ৩৮ (ক), (খ), (ঘ), (ঙ) ও (চ) প্রবিধি মোতাবেক আপনাকে যথাক্রমে দায়িত্ব পালনে অবহেলা, অসদাচরণ, অদম্ভুত, দুর্নীতি ও প্রতারনামূলক অপরাধের জন্য ৩২/১৬-১৭ নম্বর বিভাগীয় শৃঙ্খলাজনিত মামলা বজ্জু করিয়া অত্র বিভাগের ০৮.১২.২০১৬ ইং তারিখের প্রকাঃএইচআরএমডিঃওঁ১৩৩৮৯/ ২০১৬-২০১৭/ ১৮৯৫ নম্বর স্মারক মূলে অভিযোগনামা জারী করা হইয়াছিল। আপনি উহার জবাব দাখিল করিয়াছিলেন এবং কর্তৃপক্ষ উক্ত মামলায় তদন্ত বোর্ড নিয়োগ করিয়াছিলেন;

০২। যেহেতু তদন্ত বোর্ড উক্ত বিভাগীয় মামলাটি প্রবিধান মোতাবেক তদন্তান্তে কর্তৃপক্ষের নিকট তদন্ত প্রতিবেদন পেশ করিয়াছিলেন;

০৩। যেহেতু কর্তৃপক্ষ আপনার বি঱ক্ষে আনীত অভিযোগসমূহ, আপনার জবাব, তদন্ত বোর্ড কর্তৃক দাখিলকৃত তদন্ত প্রতিবেদন ও আনুষঙ্গিক বিষয়াদি বিচার-বিশ্লেষণ করিয়া আপনি জনাব বিশ্বনাথ দাস আপনাকে আপনার বি঱ক্ষে প্রমাণিত অভিযোগের জন্য বাংলাদেশ কৃষি ব্যাংক (কর্মকর্তা ও কর্মচারী) চাকুরী প্রবিধানমালা, ২০০৮ এর ৩৯(১)(খ) প্রবিধি মোতাবেক গুরুদণ্ডে দণ্ডিত করিবার প্রাথমিক সিদ্ধান্ত গ্রহণ করতঃ উক্ত প্রবিধি মোতাবেক কেন আপনাকে চাকুরী হইতে বরখাস্ত অথবা বিকল্প গুরু দণ্ড প্রদান করা হইবে না - এই মর্মে অত্র বিভাগের ১৭.০১.২০১৮ ইং তারিখের প্রকাঃএইচআরএমডিঃওঁ১৩৩৮৯/ ২০১৬-২০১৭/ ২৬১৯ নম্বর কর্মী সংক্রান্ত ঘোষণা মূলে চূড়ান্ত কারন দর্শনো নোটিশ জারী করা হইয়াছিল। আপনি ২০.০২.২০১৮ ইং তারিখে উহার জবাব দাখিল করিয়াছিলেন। অতঃপর কর্তৃপক্ষ সার্বিক বিষয়াদি বিচার-বিশ্লেষণ করিয়া নমনীয় মনোভাব গ্রহণ করতঃ আপনি জনাব বিশ্বনাথ দাস আপনাকে গুরু দণ্ডের পরিবর্তে লঘু দণ্ড প্রদানের চূড়ান্ত সিদ্ধান্ত গ্রহণ করেন;

০৪। এক্ষণ্ডে, সেহেতু কর্তৃপক্ষ গৃহীত সিদ্ধান্ত মোতাবেক বাংলাদেশ কৃষি ব্যাংক (কর্মকর্তা ও কর্মচারী) চাকুরী প্রবিধানমালা, ২০০৮ এর ৩৯ (১)(ক)(আ) প্রবিধি অনুসারে আপনি জনাব বিশ্বনাথ দাস আপনার পরবর্তী ১(এক)টি বার্ষিক বেতন বর্ধন (০১-০৭-২০১৮ তারিখে প্রাপ্ত) ১(এক) বৎসরের জন্য স্থগিত রাখিবার আদেশ দিলেন।

ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের আদেশক্রমে-

জনাব বিশ্বনাথ দাস (বি-৫১২)

উর্ধ্বতন মুখ্য কর্মকর্তা

বাংলাদেশ কৃষি ব্যাংক

মুখ্য আঞ্চলিক কার্যালয়

কুষ্টিয়া।

স্বাক্ষরিত

(মোঃ মোশাররফ হোসেন)

উপ-মহাব্যবস্থাপক

নং- প্রকাঃএইচআরএমডিঃওঁ১৩৩৮৯/ ২০১৬-২০১৭/ ২০১৮-২০১৯/ ৮৭ (৭)

তারিখঃ ০৫.০৭.২০১৮ ইং

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হইল :

১। টাফ স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।

২। স্টাফ অফিসার, উপ-ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের দপ্তর-১/২/৩, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।

৩। স্টাফ অফিসার, মহাব্যবস্থাপক (প্রশাসন) মহোদয়ের দপ্তর, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।

৪। স্টাফ অফিসার, মহাব্যবস্থাপক, বিকেবি, বিভাগীয় কার্যালয়, কুষ্টিয়া।

৫। বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, বিকেবি, বিভাগীয় নিরীক্ষা কার্যালয়, কুষ্টিয়া।

৬। উপ-মহাব্যবস্থাপক, হিউম্যান রিসোর্স ম্যানেজমেন্ট ডিপার্টমেন্ট-২, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা। আরোপিত শাস্তি সংশ্লিষ্ট কর্মকর্তার চাকুরী বহিতে লিপিবদ্ধ করিয়া কর্মী সংক্রান্ত ঘোষণাটি ব্যক্তিগত নথিতে সংরক্ষনের জন্য অনুরোধ করা হইল।


৭। উপ-মহাব্যবস্থাপক, আইসিটি সিস্টেম্স, কার্ড ও মোবাইল ব্যাংকিং বিভাগ, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা। কর্মী সংক্রান্ত ঘোষণা পত্রটি ব্যাংকের অফিসিয়াল ওয়েবসাইটে আপলোড করার সদয় প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হইল।

৮। মুখ্য আঞ্চলিক ব্যবস্থাপক, বিকেবি, মুখ্য আঞ্চলিক কার্যালয়, কুষ্টিয়া। এতদসংগে প্রেরিত মূল কর্মী সংক্রান্ত ঘোষণাটি জনাব বিশ্বনাথ দাস এর নিকট প্রাপ্তি স্বীকার রশিদ মারফত হস্তান্তর করতঃ রশিদটি অত্র বিভাগে প্রেরণের জন্য অনুরোধ করা হইল।

৯। আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা, বিকেবি, আঞ্চলিক নিরীক্ষা কার্যালয়, কুষ্টিয়া।

১০। ব্যবস্থাপক, বিকেবি, আইলচারা শাখা, কুষ্টিয়া।

১১। নথি/ মহানথি / মূলনথি।



 (মোঃ মোস্তাফিজুর রহমান ১৩৩৮৯/৭/১৮)
 সহকারী মহাব্যবস্থাপক